

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)

৩৭/০৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭৭৮)/২০২৪-২৫(২০২৫-২৬)/ ১৫৩৩

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৬

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীনে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৫৪/২০২৪-২৫ এর কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সোহেল মিয়া (এস-১৮৯), মাঠ সহকারী, সদর শাখা, নরসিংদী; ইতঃপূর্বে রায়পুরা শাখা, নরসিংদী -এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ-আত্মসাৎমূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর: ৫৪/২০২৪-২৫ রুজুকৃত অত্র বিভাগের ১২/০১/২০২৫ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭৭৮)/২০২৪-২৫/১২৫১ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি উক্ত অভিযোগনামার জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তবোর্ড নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করে;

০৩। যেহেতু কর্তৃপক্ষ কর্তৃক আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করা হয়; অতঃপর সার্বিক বিষয়াদি বিচার-বিপ্লেষণ করে আপনি জনাব সোহেল মিয়া (এস-১৮৯), কর্তৃপক্ষ আপনাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে অত্র বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এফক্ষে, সেহেতু আপনি জনাব সোহেল মিয়া (এস-১৮৯), কর্তৃপক্ষ আপনাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে অত্র বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতির আদেশ দিলেন।

এছাড়াও, কর্তৃপক্ষ আপনাকে ৩০০ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকারনামা প্রদানের নির্দেশ দিলেন যে, আপনি ভবিষ্যতে অর্থ আত্মসাৎ বা এধরনের কোন অপরাধে জড়িত হবেন না এবং ভবিষ্যতে আপনি কোনরূপ আর্থিক অনিয়মে জড়িত হলে বা আপনার কারণে ব্যাংক আর্থিক বা প্রাতিষ্ঠানিকভাবে ক্ষতিগ্রস্ত হলে এবং তৎপ্রেক্ষিতে আপনার বিরুদ্ধে যেকোন বিধিসম্মত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হলে আপনার কোনরূপ আপত্তি থাকবে না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব সোহেল মিয়া (এস-১৮৯),
মাঠ সহকারী,
পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, নরসিংদী।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৭৭৮)/২০২৪-২৫(২০২৫-২৬)/১৫৩৩

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।

০৫। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ- ঢাকা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, নরসিংদী। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সোহেল মিয়া (এস-১৮৯), মাঠ সহকারী - এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক faruk@pallisanchaybank.gov.bd ই-মেইলে এবং কুরিয়ারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।

০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রায়পুরা শাখা, নরসিংদী।

০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি।

(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার